# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড


ফোন ঃ
অফিস ঃ ৯৫৫৫১৩৩
ফ্যাক্স ঃ ০০৮৮-০২-৯৫৬৪৭৬৩

সচিবালয়
ওয়াপদা ভবন,মতিঝিল বা/এ,
ঢাকা-১০০০।

Phone :
Office : 9555133
Fax : 0088-02-9564763


স্মারক নং-৪২.০১.০০০০.০০৪.০৬.০০৬.১৯-৩৫২ তারিখঃ- ২৮-১১-২০১৯ খ্রিঃ

## সভার নোটিশ

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গ বন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের লক্ষ্যে বিগত ২৫-০৯-২০১৯ খ্রিঃ তারিখে বাপাউবো মহাপরিচালক মহোদয়ের সভা কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ সংশ্লিষ্ট বাপাউবো দপ্তরসমূহ কর্তৃক প্রতিপালনের অগ্রগতির উপর আগামী ০১-১২-২০১৯ খ্রিঃ তারিখ রোজ রবিবার বিকেল ৩:৩০ ঘটিকার সময় বাপাউবো মহাপরিচালক জনাব মোঃ মাহফুজুর রহমান এর সভাপতিত্বে তাঁর সভা কক্ষে ( ৩য় তলা ওয়াপদা ভবন ) একটি সভা অনুষ্ঠিত হবে।

বিতরণ তালিকায় বর্ণিত পদবীধারী কর্মকর্তাগণকে সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ নোটিশ জারি করা হলো।

**সভার আলোচ্য সূচী:**

ক) বিগত সভায় গৃহীত ৯ ( নয়) টি সিদ্ধান্তের প্রতিপালনের অগ্রগতির উপর আলোচনা।
খ) বিবিধ।

মোঃ মুজিবুর রহমান
সচিব
বাপাউবো, ঢাকা।

বিতরণঃ
১. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পশ্চিম রিজিয়ন/পূর্ব রিজিয়ন/পরিকল্পনা) বাপাউবো, ঢাকা।
২-১০. প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় আঞ্চল/ফরিদপুর/খুলনা/বরিশাল/কুমিল্লা/চট্রগ্রাম/সিলেট/রাজশাহী/রংপুর,বাপাউবো,.................
১১-১২. প্রধান মনিটরিং/ প্রধান পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
১৩. নিয়ন্ত্রক (অহিনি), বাপাউবো, ঢাকা।
১৪. পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক............................................বাপাউবো, ঢাকা।
১৫. নির্বাহী প্রকৌশলী............................................................................................বাপাউবো, ঢাকা।
১৬. সি.এস.ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
১৭. সিস্টেম এনালিষ্ট, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা।( দপ্তরাদেশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
১৮. ব্যক্তিগত সহকারী, সচিব, বাপাউবো, ঢাকা।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

সচিবালয়

মতিঝিল, ঢাকা-১০০০।

**স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদ্‌যাপনের নিমিত্ত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কর্মসূচী প্রণয়নের জন্য ২৫-০৯-২০১৯ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা। |
| সভার তারিখ | : ২৫-০৯-২০১৯ খ্রিঃ। |
| সময় | : বিকাল ৪:০০ ঘটিকা। |
| স্থান | : মহাপরিচালকের সভাকক্ষ। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-'ক' তে সংযোজন করা হয়েছে।

বোর্ডের মহাপরিচালক ও সভার সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভার শুরুতে স্বাধীনতার মহান স্থপতি, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি জাতির পিতার জীবনাদর্শ, মহৎ কর্ম ও বাঙালির প্রতি তাঁর গভীর প্রেম ও উৎসর্গের বার্তা সকলের নিকট পৌঁছে দেয়ার জন্য পানি সম্পদ মন্ত্রণালয়ের গৃহীত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে পানি উন্নয়ন বোর্ডের করণীয় বিষয়গুলোর উপর আলোকপাত করেন। তিনি জাতির পিতার জন্ম শতবার্ষিকী উদ্‌যাপনের গুরুত্ব তুলে ধরেন। অতঃপর তিনি জাতির জনকের জন্ম শতবার্ষিকী উদ্‌যাপনের নিমিত্ত পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচীসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপনের জন্য সচিব, বাপাউবো-কে অনুরোধ জানান। তদপ্রেক্ষিতে সচিব, বাপাউবো বঙ্গবন্ধুর জন্ম শতবার্ষিকী উদ্‌যাপনের নিমিত্ত পানি সম্পদ মন্ত্রণালয়ের গৃহীত কর্মসূচীসমূহ সভায় উপস্থাপন করেন। মন্ত্রণালয়ের গৃহীত প্রতিটি কর্মসূচীর পরিপ্রেক্ষিতে বোর্ডের করণীয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়। অতঃপর মন্ত্রণালয় কতৃক গৃহীত কার্যক্রমসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের পক্ষ হতে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণের বিষয়ে সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রঃ নং | পানি সম্পদ মন্ত্রণালয় কতৃক গৃহীত কার্যক্রম | বোর্ডের সিদ্ধান্ত |
|---|---|---|
| ০১। | জাতির পিতা এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ব্যবহৃত নৌপথ উন্মুক্ত করার জন্য নদী পুনঃখনন করে গোপালগঞ্জ সদর থেকে টুঙ্গীপাড়ার যোগাযোগ পুনরুদ্ধার। | প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর উল্লিখিত নৌ-পথ উন্মুক্ত করার জন্য নদী পুনঃখননের একটি প্রস্তাবনা আগামী ১৫(পনের) দিনের মধ্যে বোর্ডে পেশ করবেন। কাজটি ও এন্ড এম বাজেটের আওতায় করা সম্ভব না হলে এজন্য প্রকল্প প্রনয়ণ করার ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ০২। | সবগুলি জেলায় পর্যায়ক্রমে বছরব্যাপী নৌকা বাইচ প্রতিযোগিতা এবং জাতীয় চ্যাম্পিয়ানশীপ হিসেবে ১৭ মার্চ, ২০২১ তারিখে ঢাকার বুড়িগঙ্গায় ফাইনাল চ্যাম্পিয়ানশীপ নৌকা বাইচ প্রতিযোগিতার আয়োজন করা। | যে সকল জেলায় নৌকা বাইচ আয়োজনের উপযোগী নদী বিদ্যমান সে সকল জেলায় বোর্ডের সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তর নৌকা বাইচ আয়োজন করবে। জেলায় বিজয়ী দলসমূহকে নিয়ে বোর্ডের জোনাল প্রধান প্রকৌশলীগণ পরবর্তী রাউন্ড প্রতিযোগিতার আয়োজন করবেন। অতঃপর বোর্ডের সার্বিক ব্যবস্থাপনায় প্রত্যেক জোনের বিজয়ী দলসমূহের মধ্যে ঢাকার বুড়িগঙ্গা নদীতে চূড়ান্ত প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রত্যেক জোনাল প্রধান প্রকৌশলী তাঁর অধিক্ষেত্রে আয়োজিতব্য জেলা পর্যায়ের নৌকা বাইচ প্রতিযোগিতা মনিটরিং করবেন এবং বোর্ড পর্যায় হতে জোনাল প্রতিযোগিতাসমূহ মনিটরিং করা হবে। নৌকা বাইচ আয়োজনের সমন্বয় সাধনের সুবিধার্থে প্রতিযোগিতা আয়োজনের প্রতিক্ষেত্রে সংশ্লিষ্ট মনিটরিং কর্তৃপক্ষের মতামত গ্রহণ করতে হবে। এ বিষয়ে ঢাকাস্থ কেন্দ্রীয় অঞ্চলসহ মাঠ পর্যায়ে জোনাল প্রধান প্রকৌশলীগণ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। |
| ০৩। | হাওড় অঞ্চলের প্রথা অনুযায়ী হাওড় ও জলাভূমি এলাকার পানির উপর "মুজিব বাইয়া যাও রে" শীর্ষক পালাগান জারিগানসহ স্থানীয় লোকজ অনুষ্ঠানের আয়োজন করা। | প্রধান প্রকৌশলী, উত্তর-পূর্বাঞ্চল বাপাউবো, সিলেট; কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা এবং প্রকল্প পরিচালক, হাওর এলাকায় বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্প যৌথভাবে পানির উপর "মুজিব বাইয়া যাও রে" শীর্ষক পালাগান, জারিগানসহ স্থানীয় লোকজ অনুষ্ঠান আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ০৪। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে কক্সবাজার সমুদ্র সৈকতে 'বালি ভাস্কর্য' এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন। | প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কক্সবাজার পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, কক্সবাজার পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সাথে আলোচনাক্রমে তারিখ নির্ধারণপূর্বক কক্সবাজার সমুদ্র সৈকতে 'বালি ভাস্কর্য' এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবেন। |

d:\tarun\100th birthday cel.doc

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

| | | |
|---|---|---|
| ০৫। | নদী দখল ও দূষণ রোধকল্পে জনসচেতনতা বৃদ্ধি করার জন্য কার্যক্রম গ্রহণ করা। | নদী দখল ও দূষণ রোধকল্পে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পরিচালক, জনসংযোগ পরিদপ্তর কার্যকর কর্মকৌশল প্রণয়নপূর্বক আগামী ১৫(পনের) দিনের মধ্যে বোর্ডকে অবহিত করবেন। |
| ০৬। | রাজশাহী অঞ্চলে পানি ব্যবস্থাপনাকে কেন্দ্র করে ঐতিহ্যবাহী "গম্ভীরা" অনুষ্ঠানের আয়োজন। | রাজশাহী অঞ্চলের পানি ব্যবস্থাপনাকে কেন্দ্র করে প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী উক্ত এলাকায় সম্ভাব্য স্থানসমূহে "গম্ভীরা" গানের আয়োজন করবেন। "গম্ভীরা" গান রচনার সাথে পানি সম্পদ ব্যবস্থাপনার সম্পর্ক থাকতে হবে। এতদবিষয়ে একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করতঃ আগামী ১(এক) মাসের মধ্যে বোর্ডে দাখিল করবেন। |
| ০৭। | বঙ্গবন্ধুর জীবনাদর্শ ও পানি সম্পদ ব্যবস্থাপনায় বঙ্গবন্ধুর অবদান শীর্ষক স্মরণিকা প্রকাশ। | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড হতে বঙ্গবন্ধুর জীবনাদর্শ ও পানি সম্পদ ব্যবস্থাপনায় বঙ্গবন্ধুর অবদান শীর্ষক একটি স্মরণিকা প্রকাশ করা হবে। এ স্মরণিকা প্রকাশের কাজটি যথাযথভাবে সম্পন্নের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হবে ঃ<br>(ক) জনাব মোঃ হাবিবুর রহমান, প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক, সিইআইপি<br>(খ) জনাব মোঃ আমিরুল হোসেন, পরিচালক, পরিকল্পনা-৩<br>(গ) জনাব মোঃ মাহফুজুর রহমান, নির্বাহী প্রকৌশলী, অমপ (পূর্ব রিজিয়ন) এর দপ্তর। |
| ০৮। | বঙ্গবন্ধুর জীবন ও কর্ম নিয়ে আলোচনা সভা, সেমিনার, সিম্পোজিয়াম ইত্যাদি আয়োজন করা। | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড বঙ্গবন্ধুর জীবন ও কর্ম নিয়ে বছরব্যাপী সভা, সেমিনার, সিম্পোজিয়াম ইত্যাদি আয়োজন করবে। বোর্ড পর্যায়ে উক্ত অনুষ্ঠান আয়োজন ছাড়াও সংশ্লিষ্ট জোনাল প্রধান প্রকৌশলীগণ বোর্ডকে অবহিত রেখে ভিন্ন ভিন্ন সময়ে সংশ্লিষ্ট জোনে উক্ত অনুষ্ঠান আয়োজন করবেন। অনুষ্ঠান আয়োজকগণ উক্ত অনুষ্ঠান আয়োজনের বিষয়টি গণমাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ০৯। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উপলক্ষ্যে পানি সম্পদ মন্ত্রণালয় হতে অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর নেতৃত্বে 'সমন্বয় কমিটি' এবং অতিরিক্ত সচিব (প্রশাসন) এর নেতৃত্বে 'অর্থ কমিটি' গঠন। | 'সমন্বয় কমিটি' এবং 'অর্থ কমিটি' পানি সম্পদ মন্ত্রণালয় হতে গঠন করা হবে বিধায় এ বিষয়ে বোর্ডের করণীয় নেই। |

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/১০/২০১৯

(মোঃ মাহফুজুর রহমান)
মহাপরিচালক
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.২৩.০২৯.১৯- ৬০৬

তারিখ: ২১ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ
৬ই অক্টোবর, ২০১৯ খ্রিষ্টাব্দ

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো ঃ

১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মাননীয় সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৬/১০/২০১৯

(মোঃ মুজিবুর রহমান)
সচিব
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.২৩.০২৯.১৯- ৩০৩ তারিখ: ২২ , আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ
০৭ অক্টোবর, ২০১৯ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১. অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা/প্রশাসন/অর্থ), বাপাউবো, ঢাকা।

২. প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রধান, ............................................................., বাপাউবো, ....................।

৩. পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক, ..........................................................., বাপাউবো, ....................।

৪. নির্বাহী প্রকৌশলী, .........................................................................বাপাউবো, ........................................।

৫. সি.এস, ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

৬. সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। (বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।

৭. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা/প্রশাসন/অর্থ)/সচিব, বাপাউবো, ঢাকা।

০৭/১০/২০১৯
(মোঃ মুজিবুর রহমান)
সচিব
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।

d:\arun\120.h birthday cel.doc